গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৬৭/২০১৯-২০২০

ঢাকা, ২৯ সেপ্টেম্বর রোববার ২০১৯, ১৪ আশ্বিন ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। আঞ্চলিক নিরাপত্তায় হুমকি রোহিঙ্গা সংকট : জাতিসংঘ সাধারণ পরিষদে ভাষণে প্রধানমন্ত্রী রোহিঙ্গা প্রত্যাবাসনে প্রধানমন্ত্রীর চার প্রস্তাব, মিয়ানমারকে চাপ দিতে বিশ্বনেতাদের প্রতি আহ্বান
২। প্রধানমন্ত্রী আগামী ২ অক্টোবর বঙ্গবন্ধু স্যাটেলাইটের বাণিজ্যিক সেবা উদ্বোধন করবেন
৩। উৎসবমুখর পরিবেশে প্রধানমন্ত্রীর জন্মদিন পালন
৪। প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে চীনের শুভেচ্ছা এবং ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর টুইট
৫। আন্তর্জাতিক চাপে রোহিঙ্গাদের নিজ দেশে ফিরিয়ে নিয়ে যাবে মিয়ানমার : সুনামগঞ্জে পরিকল্পনামন্ত্রী
৬। ক্যাসিনোবিরোধী অভিযান র‍্যাবই পরিচালনা করবে : স্বরাষ্ট্রমন্ত্রী
৭। দুর্নীতি দূর করে সুনীতি প্রতিষ্ঠা করতে চায় সরকার : আইনমন্ত্রী
৮। ২০৩০ সালে বাংলাদেশে কেউ বেকার থাকবে না : অর্থমন্ত্রী
৯। ডেঙ্গু নিয়ন্ত্রণকে চ্যালেঞ্জ হিসেবে নিয়েছি : স্থানীয় সরকার মন্ত্রী
১০। পরমাণু অস্ত্রনিরোধ চুক্তিতে বাংলাদেশের স্বাক্ষর
১১। সরকার ক্যাসিনো, মাদক, সন্ত্রাস, দুর্নীতি ও বাল্যবিয়ের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে : জামালপুরে তথ্য প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

**১। আঞ্চলিক নিরাপত্তায় হুমকি রোহিঙ্গা সংকট : জাতিসংঘ সাধারণ পরিষদে ভাষণে প্রধানমন্ত্রী**
**রোহিঙ্গা প্রত্যাবাসনে প্রধানমন্ত্রীর চার প্রস্তাব, মিয়ানমারকে চাপ দিতে বিশ্বনেতাদের প্রতি আহ্বান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, রোহিঙ্গা সংকটের এখনই সমাধান না হলে শুধু বাংলাদেশ নয়, আঞ্চলিক নিরাপত্তাও হুমকির মুখে পড়বে। এ কারণে রোহিঙ্গাদের দেশে ফিরিয়ে নিতে মিয়ানমারকে চাপ সৃষ্টির জন্য বিশ্বনেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন তিনি। স্থানীয় সময় ২৭ সেপ্টেম্বর শুক্রবার সন্ধ্যায় জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৪তম অধিবেশনে দেওয়া ভাষণে তিনি এ আহ্বান জানান। পাশাপাশি এ সংকট নিরসনে চার দফা প্রস্তাব তুলে ধরেন। প্রধানমন্ত্রী তাঁর ভাষণে রোহিঙ্গা সংকটের পাশাপাশি বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রা, অর্থনৈতিক অগ্রগতি, ডিজিটাল বাংলাদেশ গঠন, শিক্ষা ও স্বাস্থ্যখাতের উন্নয়ন এবং নারীর ক্ষমতায়ন প্রসঙ্গও তুলে ধরেন। তিনি বিশ্বশান্তির লক্ষ্যে কর্মপরিকল্পনা, নিরাপদ অভিবাসন, জলবায়ু পরিবর্তনজনিত প্রভাবের মোকাবিলা এবং ব্লুইকোনমি নিয়েও আলোচনা করেন।

রোহিঙ্গাদের স্ব-ভূমে ফিরে যাওয়া নিশ্চিত করতে জাতিসংঘে চারটি প্রস্তাব দিয়েছেন প্রধানমন্ত্রী। এগুলো হলো : এক. রোহিঙ্গাদের টেকসই প্রত্যাবাসন এবং আত্মীকরণে মিয়ানমারকে কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে রাজনৈতিক সদিচ্ছার পূর্ণ প্রতিফলন দেখাতে হবে। দুই. বৈষম্যমূলক আইন ও রীতি বিলোপ করে মিয়ানমারের প্রতি রোহিঙ্গাদের আস্থা তৈরি করতে হবে এবং রোহিঙ্গা প্রতিনিধিদের উত্তর রাখাইন সফরের আয়োজন করতে হবে। তিন, আন্তর্জাতিক সম্প্রদায় হতে বেসামরিক পর্যবেক্ষক মোতায়েনের মাধ্যমে মিয়ানমার কর্তৃক রোহিঙ্গাদের নিরাপত্তার ও সুরক্ষার নিশ্চয়তা প্রদান করতে হবে। চার. আন্তর্জাতিক সম্প্রদায়ের অবশ্যই রোহিঙ্গা সমস্যার মূল কারণসমূহ বিবেচনায় আনতে হবে এবং মানবাধিকার লঙ্ঘন ও অন্যান্য নৃশংসতার দায়বদ্ধতা নিশ্চিত করতে হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.২), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

**২। প্রধানমন্ত্রী আগামী ২ অক্টোবর বঙ্গবন্ধু স্যাটেলাইটের বাণিজ্যিক সেবা উদ্বোধন করবেন**

দেশের সকল টেলিভিশন চ্যানেল আগামী ২ অক্টোবর থেকে দেশের প্রথম স্যাটেলাইট বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ব্যবহার করে পূর্ণাঙ্গভাবে তাদের অনুষ্ঠান সম্প্রচার শুরু করবে। বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিসিএসসিএল) এর চেয়ারম্যান ড. শাহজাহান মাহমুদ গতকাল (২৮ সেপ্টেম্বর শনিবার) বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ২ অক্টোবর দেশের ৩৪ টেলিভিশন চ্যানেলের সবক'টির জন্য বঙ্গবন্ধু স্যাটেলাইট-১-এর বাণিজ্যিক সেবা আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন। তিনি বলেন, বর্তমানে স্থানীয় টিভি চ্যানেলের অধিকাংশই বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ব্যবহার করে সফলভাবে তাদের আনুষ্ঠান সম্প্রচার করছে। তিনি বলেন, আমরা ইতোমধ্যে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১-এর সামর্থ্যের ৪০ শতাংশ বিক্রি করেছি। আগামী দিনগুলোতে বাকি সামর্থ্যও বিক্রির আশা করছি। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **নিউ এজ** (পৃ.৪,ক.৭)।

**৩। উৎসবমুখর পরিবেশে প্রধানমন্ত্রীর ৭৩তম জন্মদিন পালন**

দেশে না থাকলেও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৩তম জন্মদিন উপলক্ষে গতকাল (২৮ সেপ্টেম্বর শনিবার) উৎসবমুখর পরিবেশে রাজধানীসহ সারাদেশে আওয়ামী লীগসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন আনন্দ র‍্যালি, দোয়া ও মিলাদ মাহফিল, মসজিদ-মন্দিরে বিশেষ মোনাজাত ও প্রার্থনা সভা, দুস্থদের মধ্য খাদ্য বিতরণ এবং আলোচনাসভা আয়োজন করে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **যুগান্তর** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

**৪। প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে চীনের শুভেচ্ছা এবং ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর টুইট**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছে চীন সরকার। জন্মদিন উপলক্ষে প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে চীন সরকারের পক্ষ থেকে আওয়ামী লীগের দলীয় প্রতীক নৌকার আদলে তৈরি ফুলের তোড়া পাঠানো হয়েছে। গতকাল (২৮ সেপ্টেম্বর শনিবার) ঢাকায় চীনা দূতাবাসের রাজনৈতিক বিভাগের অ্যাটাশে উ পেং এবং আরেক সিনিয়র কর্মকর্তা গণভবনে গিয়ে এ শুভেচ্ছা পৌঁছে দেন। এছাড়া ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এক টুইটবার্তায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জন্মদিনের শুভেচ্ছা জানান। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮)।

৫। **আন্তর্জাতিক চাপে রোহিঙ্গাদের নিজ দেশে ফিরিয়ে নিয়ে যাবে মিয়ানমার : সুনামগঞ্জে পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান বলেছেন, রোহিঙ্গা সঙ্কটের সমাধান অবশ্যই হবে। রোহিঙ্গারা অত্যাচারিত, লাঞ্ছিত ও অবহেলিত হয়ে এসেছে। রোহিঙ্গারা বিপদে পড়ে আমাদের দেশে আশ্রয় নিয়েছে। আমাদের সরকারের বিশ্ব নেতৃবৃন্দের সঙ্গে ভাল সম্পর্ক আছে এবং বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের মিয়ানমারে ফিরিয়ে নেয়ার জন্য প্রতিনিয়িত চাপ বাড়ছে। আন্তর্জাতিক চাপে মিয়ানমার তাদের নাগরিকদের দ্রুত, নিরাপদে নিজ ভিটায় ফিরিয়ে নিয়ে যাবে। গতকাল (২৮ সেপ্টেম্বর শনিবার) সুনামগঞ্জ প্রেসক্লাবের সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.৪,ক.১)।

৬। **ক্যাসিনোবিরোধী অভিযান র‍্যাবই পরিচালনা করবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

ক্যাসিনোবিরোধী অভিযান র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নই (র‍্যাব) পরিচালনা করবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেন, যেহেতু অভিযানটি র‍্যাব শুরু করেছে তাই তারাই এটি পরিচালনা করবে। গতকাল (২৮ সেপ্টেম্বর শনিবার) রাজধানীতে এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (শেষ পৃ,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৮), **নিউ এজ** (পৃ.১,ক.৩)।

৭। **দুর্নীতি দূর করে সুনীতি প্রতিষ্ঠা করতে চায় সরকার : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, বর্তমানে আমাদের সমাজের একটি বড় সমস্যা হলো দুর্নীতি। দুর্নীতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ, মহান মুক্তিযুদ্ধের চেতনা এবং সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক। দুর্নীতি সমাজের বিরাট অংশকে শোষিত ও বঞ্চিত করছে, সমাজে ব্যাপক বৈষম্য তৈরি করছে, দেশের অর্থনৈতিক উন্নয়নকে বাধাগ্রস্ত করছে। সে কারণেই প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি ঘোষণা করেছে এবং এ নীতি বাস্তবায়নের জন্য দুর্নীতিবিরোধী অভিযান চালানো হচ্ছে। তিনি বলেন, আমরা দুর্নীতি দূর করে সুনীতি প্রতিষ্ঠা করতে চাই। গতকাল (২৮ সেপ্টেম্বর শনিবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে ডাচ্-বাংলা ব্যাংক কর্তৃক উচ্চমাধ্যমিক শ্রেণিতে অধ্যায়নরত দুই সহস্রাধিক দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.২)।

৮। **২০৩০ সালে বাংলাদেশে কেউ বেকার থাকবে না : অর্থমন্ত্রী**

আগামী পাঁচ বছরের মধ্যে অর্থনৈতিক গতিশীলতা বৃদ্ধি পাবে এবং ২০৩০ সালের মধ্যে দেশের মানুষের শতভাগ কর্মসংস্থান হবে। তখন কেউ বেকার থাকবে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৩তম জন্মদিন উপলক্ষে গতকাল (২৮ সেপ্টেম্বর শনিবার) জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে আয়োজিত ছাত্র-ছাত্রীদের মধ্যে শিক্ষা উপকরণ বিতরণ ও আলোচনাসভায় অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এসব কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, ২০৩০ সালের মধ্যে সিঙ্গাপুর, মালয়েশিয়া, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ডসহ সব দেশের ওপরে থাকবে বাংলাদেশ। গত ১০ বছরে আমাদের যে প্রবৃদ্ধি অর্জন হয়েছে, পৃথিবীর অর্থনীতিতে সে অর্জন বিশ্বের সব দেশের ওপরে। সারা বিশ্বে এখন আমরা এক নম্বর। সূত্র : **সংবাদ** (পৃ.১৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১৩,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** বিজনেস পাতা (পৃ.৪,ক.৬)।

৯। **ডেঙ্গু পরিস্থিতিকে চ্যালেঞ্জ হিসেবে নিয়েছি : স্থানীয় সরকার মন্ত্রী**

স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, এ বছর এডিস মশা ও ডেঙ্গুর প্রকোপ বেড়ে গেলে আতঙ্কিত না হয়ে তা মোকাবিলা করাটকে চ্যালেঞ্জ হিসেবে নিয়েছিলাম। সংশ্লিষ্ট সবার সম্মিলিত প্রচেষ্টা ও জনসাধারণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের ফলে ডেঙ্গুর প্রকোপ যথেষ্ট কমে এসেছে। গতকাল (২৮ সেপ্টেম্বর শনিবার) রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় আয়োজিত 'মশা নিয়ন্ত্রণ ও ডেঙ্গু প্রতিরোধে করণীয়' শীর্ষক এক গোলটেবিল আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.১)।

১০। **পরমাণু অস্ত্রনিরোধ চুক্তিতে বাংলাদেশের স্বাক্ষর**

জাতিসংঘের পরমাণু অস্ত্রনিরোধ চুক্তি 'ট্রিটি অন দ্য প্রহিবিটেশন অভ্ নিউক্লিয়ার ওয়েপনস-২০১৭' স্বাক্ষর করেছে বাংলাদেশ। গতকাল (২৮ সেপ্টেম্বর শনিবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৪তম অধিবেশনের ফাঁকে গত ২৭ সেপ্টেম্বর শুক্রবার পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন জাতিসংঘের ট্রিটি সেকশনে স্বাক্ষরিত চুক্তির দলিল জমা দেন। চুক্তির খসড়া উন্মুক্ত করার প্রথম দিনেই বাংলাদেশ এতে স্বাক্ষর করেছে। এ পর্যন্ত ৩২টি দেশ এতে স্বাক্ষর করেছে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**১১। সরকার ক্যাসিনো, মাদক, সন্ত্রাস, দুর্নীতি ও বাল্যবিয়ের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে : জামালপুরে তথ্য প্রতিমন্ত্রী**

তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান বলেছেন, সরকার ক্যাসিনো, মাদক, সন্ত্রাস, দুর্নীতি ও বাল্যবিয়ের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। কোনো সামাজিক অবক্ষয় রাষ্ট্রের উন্নয়ন ও বঙ্গবন্ধুর স্বপ্ন ব্যাহত করবে, তা মেনে নেওয়া হবে না। উন্নতি ও উন্নয়নের শিখরে উঠতে চাই। এ দেশে আর কোনো গডফাদার, সন্ত্রাসী, রাজাকারদের রাজত্ব চলবে না। গতকাল (২৮ সেপ্টেম্বর শনিবার) জামালপুরের সরিষাবাড়ী উপজেলায় আওয়ামী লীগের আয়োজনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৩তম জন্মদিন উপলক্ষে আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.৭,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** পশ্চিমাঞ্চল রেলওয়ের হাসপাতালগুলি ডাক্তার, নার্সের ঘাটতি, ওষুধের অনিয়মের কারণে দুর্দশার মধ্যে রয়েছে উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

খ. **যুগান্তর :** দেশের প্রায় প্রতিটি পাবলিক বিশ্ববিদ্যালয়ে নিয়োগ, পদোন্নতি থেকে শুরু করে নির্মাণ ও উন্নয়ন কর্মকাণ্ডে অর্থ লোপাটের মতো অভিযোগ পাওয়া যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে বিশেষ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **বণিক বার্তা, সমকাল :** ব্যবসায় পরিবেশ সহজতর করতে নেয়া উদ্যোগের ভিত্তিতে বিশ্বব্যাংক প্রকাশিত শীর্ষ ২০ টি দেশের তালিকায় বাংলাদেশ স্থান পেয়েছে উল্লেখ করে ধারাবাহিকতা অব্যাহত রাখার এ আহ্বান।

ঘ. **যায়যায়দিন :** সরকারের নানা উদ্যোগ ও তৎপরতার পরেও কিছুতেই কমছেনা পেঁয়াজের দাম উল্লেখ করে মূল্য নিয়ন্ত্রণে যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঙ. **জনকণ্ঠ :** পর্যটন ক্ষেত্রে বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি করতে পারলে অমিত সম্ভাবনার বাংলাদেশ পর্যটন সমৃদ্ধ হতে পারে বলে মতপ্রকাশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** গণপরিবহণগুলো নারীবান্ধব করার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দর্শন চিন্তায় ও তাঁর নেতৃত্ব সক্ষমতায় আজ মানবিক বাংলাদেশের যে অবিশ্বাস্য উত্তরণ ঘটেছে তা সমুন্নত রাখা জরুরি।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'আপনার হার্টকে সুস্থ রাখুন'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, সুশৃঙ্খল জীবনযাপনই হার্ট সুস্থ রাখার মূল চাবিকাঠি।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা